# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**30 APRIL 2025** **7:45—7:55 PM IST**

==============================================================

১) গৌহাটী ও শিলচর সংযোগকারী দ্রুত গতিসম্পন্ন করিডোর নির্মাণের প্রস্তাবে কেন্দ্রীয় সরকারের অনুমোদন ।

২) আগামী দোসরা মে অনুষ্ঠেয় পঞ্চায়েত নির্বাচনের প্রথম পর্যায়ের জন্য আজ প্রচার অভিযানের সমাপ্তি ।

৩) আসাম রাজ্য বিদ্যালয় শিক্ষা পর্ষদের অধীন চলতি বর্ষের উচ্চতর মাধ্যমিক চূড়ান্ত পরীক্ষার ফলাফল ঘোষনা । বরাক উপত্যকার তিন জেলায়ও কলা ,বিজ্ঞান বাণিজ্য ও বৃত্তিমূলক শাখার ফলাফল ঘোষিত ।

এবং

৪) এবছরের হজ যাত্রার জন্য উত্তর-পূর্বাঞ্চলের মোট ২ হাজার ৭৮২ জন হজ যাত্রীর প্রথম দলের আগামী তেসরা মে মক্কা ও মদিনার উদ্দেশ্যে যাত্রা ।

---------------------------------------------------------------------------------------------

কেন্দ্রীয় সরকার ২২ হাজার কোটি টাকা ব্যয়ে মেঘালয়ের শিলংয়ের পার্শ্ববর্তী মাইলংখুঙ থেকে পাঁচগ্রাম পর্যন্ত একটি দ্রুতগতি সম্পন্ন করিডোর নির্মাণের প্রস্তাবে অনুমোদন জানিয়েছে ।প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর অধ্যক্ষতায় আজ নতুনদিল্লীতে অনুষ্ঠিত মন্ত্রীসভার রাজনৈতিক পরিক্রমা কমিটির বৈঠকে এই সিদ্ধান্ত গ্রহণ করা হয় ।কেন্দ্রীয় তথ্য ও সম্প্রচার মন্ত্রী অশ্বিনী বৈষ্ণ বৈঠকের পর সাংবাদিকদের একথা জানিয়ে বলেন যে ১৬৬ কিলোমিটারেরও বেশী দৈর্ঘ্যের এই পথটি বরাক উপত্যকার সঙ্গে ত্রিপুরা , মণিপুর

,মেঘালয় ও মিজোরামের যোগাযোগ ব্যবস্থা সুদৃঢ় করে তুলবে ।পরিকাঠামো উন্নয়নের দিক থেকে গুরুত্বপূর্ণ এই প্রকল্পটি শিলচর ,গুয়াহাটী ও শিলংয়ের মধ্যে আন্তঃ শহর যোগাযোগ ব্যবস্থার উন্নয়ন সাধন করবে এবং ৬ নম্বর জাতীয় সড়কের যানজঁট সমস্যা হ্রাস করবে বলে মন্ত্রী জানান ।কাজ সম্পূর্ণ হওয়ার পর এই প্রকল্পটি আসাম , মেঘালয় , মনিপুর , মিজোরাম এবং ত্রিপুরার আর্থ সামাজিক উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে বলে তিনি মন্তব্য করেন ।

বাইট------

---------------------------------------------------------------------------------

আগামী দোসরা মে প্রথম পর্যায়ের পঞ্চায়েত নির্বাচনের প্রচার অভিযান আজ সমাপ্ত হয়েছে । এই পর্যায়ে বরাক উপত্যকার তিন জেলা কাছাড় , শ্রীভূমি ও হাইলাকান্দি সহ তিনশুকিয়া , ডিব্রুগড় , চরাইদেও , শিবসাগর , মাজুলী , যোরহাট , গোলাঘাট , ধেমাজি , লক্ষিমপুর , শোনিতপুর ও বিশ্বনাথ জেলায় নির্বাচন অনুষ্ঠিত হবে ।আজ নির্বাচনী প্রচারের শেষ দিনে সব রাজনৈতিক দলের প্রার্থীদের ভোটদাতাদের আকর্ষিত করার জন্য জোরদার প্রয়াস পরিলক্ষিত হয়েছে ।মুখ্যীমন্ত্রী ডঃ হিমন্ত বিশ্বশর্মা আজ গোয়ালপারার রংজুলি সারাপারে এন ডি এ মিত্রজোটের প্রার্থীর হয়ে প্রচার চালান ।কেন্দ্রীয় মন্ত্রী সর্বানন্দ সনোয়াল আজ তিনশুকিয়া জেলার পানীতোলা গ্রাম এবং ডিব্রুগড় জেলার মানকটা খেলার মাঠে নির্বাচনী প্রচারে অংশগ্রহণ করেন । এদিকে বিরোধি দলের বেশ কয়েকজন নেতা আজ রাজ্যের বিভিন্ন প্রান্তে ব্যাপক প্রচার চালান ।কংগ্রেস দলের রাজ্য সভাপতি ভূপেন বরা আজ হোজাই জেলার বিনাকন্দিতে প্রচারে অংশগ্রহণ করেন ।এর আগে তিনি বিহুপুরিয়ায় দলীয় প্রার্থীর হয়ে প্রচার চালান ।দলের নেতা রিপূণ বরা এবং মীরা বরঠাকুরও আজ প্রচার সভায় অংশগ্রহণ করেন ।কংগ্রেস নেতা প্রদ্যুৎ বরদলৈ আজ নওগাঁওয়ে নির্বাচনী প্রচার চালান ।

এদিকে বরাক উপত্যকার তিন জেলায়ও আজ ত্রিস্তরীয় পঞ্চায়েত নির্বাচনের প্রচার অভিযানের শেষ দিনে বিভিন্ন রাজনৈতিক দলের নেতারা ব্যাপক প্রচার চালান ।রাজ্যের মন্ত্রী তথা অসম গণপরিষদ দলের সভাপতি কেশব মহন্ত আজা সোনাই বিধানসভা এলাকার কচুদরম বিদ্যালয়ের খেলার মাঠে দলীয় প্রার্থীর হয়ে প্রচারে অংশ গ্রহণ করেন ।তিনি কাপ্তানপুর - কাজিডহর জেলা পরিষদ সদস্য পদের প্রার্থী ফাতিমা বেগম লস্কর এবং দিদারখোশ নগদিরগ্রাম গাওপঞ্চায়েতের অগপ প্রার্থী খান বাহাদুর কাশিমের হয়ে প্রচার চালান ।এছাড়া কংগ্রেস সহ বিরোধী দলের নেতারা এবং নির্দল প্রার্থীরাও আজ জেলায় ব্যাপক প্রচার চালান।

শ্রীভূমি জেলায় আজ প্রচারের শেষ দিনে রাতাবাড়ির বিধায়ক বিজয় মালাকার ভৈরবনগর জেলা পরিষদ আসনের প্রার্থী রাজেশ দাসের হয়ে প্রচার চালান ।বিজেপি নেতা সুব্রত ভট্টাচার্য আজ রাজাটিলা উমরপুরে অগপ দলের জেলা পরিষদ সদস্য পদের প্রার্থী জাহাঙ্গীর আলম লস্করের হয়ে প্রচার চালান ।এই আসনের কংগ্রেস প্রার্থী জিল্লুর নূর চৌধুরী আজ প্রচারের শেষ দিনে এক র্যালিতে অংশগ্রহণ করেন ।লক্ষীবাজার জেলাপরিষদ আসনের নির্দল প্রার্থী আমিনা বেগম আজ ঘরে ঘরে গিয়ে প্রচার চালান ।

প্রচারের শেষ দিনে আজ হাইলাকান্দি জেলায় বিজেপির সাংসদ ও শীর্ষ নেতারা প্রচার চালান । সাংসদ কৃপানাথ মালহা আজ চন্ডিপুর চাবাগানে আলগাপুর , কাঞ্চনপুর জেলা পরিষদ আসনের বিজেপি প্রার্থী চৌধুরী চরণ গৌরের সমর্থনে প্রচার চালান ।সাংসদ পরিমল শুক্লবৈদ্য আজ কাটিগড়া , লক্ষীপুর জেলা পরিষদ আসনের বিজেপি প্রার্থী প্রমিলা বৈষ্ণব ও পাঁচগ্রাম আঞ্চলিক পঞ্চায়েত সদস্যের সদস্য প্রার্থী বেবি রায়ের হয়ে এক বাইক র্যালিতে অংশগ্রহণ করেন ।বেজেপি নেত্রী মুন স্বর্ণকারও আজ নিষকর আঞ্চলিক পঞ্চায়েত সদস্য পদের প্রার্থীর হয়ে প্রচার চালান ।অন্যদিকে বিধায়ক সুজামউদ্দিন লস্কর আজ রামচন্ডী - নিমাইচাঁদপুর জেলা পরিষদ আসনের এ আই উইউ ডি এফ প্রার্থী দিলওয়ার হুসেন লস্করের হয়ে প্রচার চালান ।এই আসনের কংগ্রেস প্রার্থী সামসুদ্দিন বরলস্কর আজ বিভিন্ন গ্রামে প্রচার চালান ।রাইজর দল ও নির্দল প্রার্থীরাও আজ বিভিন্ন স্থানে ঝড়ো প্রচার চালান ।

---------------------------------------------------------------------------------------

কাছাড় জেলায় আগামী দোসরা মে অনুষ্ঠেয় পঞ্চায়েত নির্বাচনের জন্য আজ ভোট কর্মীরা ভোট সামগ্রী নিয়ে ভোটগ্রহণ কেন্দ্রের উদ্দেশ্যে রওয়ানা হয়েছেন ।আজ শিলচরের আই এস বি টি এবং আই এস টি টি থেকে ভোট সামগ্রী সমঝে নিয়ে ভোট নিরাপত্তা ব্যবস্থার মধ্য দিয়ে ভোটকর্মীরা রওয়ানা হয়েছেন ।কাছাড়ের জেলা আয়ুক্ত মৃদুল যাদব বলেন যে পঞ্চায়েত নির্বাচনের জন্য জেলায় সম্পূর্ণ নিরাপত্তা ব্যবস্থা গড়ে তোলা হয়েছে । তিনি বলেন ----

বাইট

---------------------------------------------------------------------------------------

আসাম রাজ্য বিদ্যালয় শিক্ষা পর্ষদের অধীন চলতি বর্ষের উচ্চতর মাধ্যমিক চূড়ান্ত পরীক্ষার সবকটি শাখার ফলাফল ঘোষনা করা হয় ।এবার উচ্চতর মাধ্যমিক চূড়ান্ত পরীক্ষায় কলা শাখায় উত্তীর্ণের হার ৮১ দশমিক ৩২ শতাংশ ,বিজ্ঞান শাখায় উত্তীর্ণের হার ৮৩ দশমিক ৯৯ শতাংশ , বাণিজ্য শাখায় উত্তীর্ণের হার ৮২ শতাংশ ৯৩ শতাংশ

এবং বৃত্তিমূলক শাখায় উত্তীর্ণের হার ৬৮ দশমিক ৮ ৪ শতাংশ । কলা শাখায় অবতীর্ণ ২ লক্ষ ২৬ হাজার ৭৫৬ জন শিক্ষার্থীর মধ্যে ৪৯ হাজার ৫৭৭ জন প্রথম , ৮০ হাজার ৬৫০ জন দ্বিতীয় এবং ৫৩ হাজার ৫১৮ জন শিক্ষার্থী তৃতীয় বিভাগে উত্তীর্ণ হয়েছে ।

একইভাবে বিজ্ঞান শাখায় অবতীর্ণ ৫৬ হাজার ৯০৯ জন শিক্ষার্থীর মধ্যে ২৫ হাজার ৮২৭ জন প্রথম ,১৯ হাজার ২৮৬ জন দ্বিতীয় এবং তিন হাজার ১৯৬ জন শিক্ষার্থী তৃতীয় বিভাগে উত্তীর্ণ হয়েছে ।

বাণিজ্য শাখায় অবতীর্ণ ১৭ হাজার ৭৪৬ জন শিক্ষার্থীর মধ্যে ছয় হাজার ৫১৯ জন প্রথম , ৫ হাজার ৭৬০ জন দ্বিতীয় এবং দুই হাজার ৩০৫ জন শিক্ষার্থী তৃতীয় বিভাগে উত্তীর্ণ হয়েছে ।

ঘোষণ করা ফলাফল অনুযায়ী এবার তিনটি শাখাতেই উত্তীর্ণের হার ২০২৪ বর্ষের তুলনায় কিছুটা হ্রাস পেয়েছে ।

ফলাফল ঘোষনার পর আসাম রাজ্য বিদ্যালয় শিক্ষা পর্ষদের সচিব নরনারায়ণ নাথ এক সাংবাদিক সম্মেলনে পরীক্ষা হয়ে যাবার ৪৪ দিনের মধ্যে ফলাফল ঘোষনা করা হয়েছে বলে জানান । ফলাফল ঘোষনা করার পর পরীক্ষার্থীদের জন্য ই-মার্কশিট ডাউনলোডের ব্যাবস্থা করা হয়েছে । উচ্চ শিক্ষা গ্রহণে সহায়ক পরীক্ষার ফলাফলের তথ্যসমূহ ডিজি লকারে প্রেরণ করা হবে বলে সচিব জানান । সেইসঙ্গে তিনি আরো জানান যে পূর্বে প্রমানপত্র ও মার্কশিট পৃথকভাবে প্রদান করা হতো । তবে এবার মার্কশিট ও উত্তির্ণের প্রমাণপত্র একইসঙ্গে হবে । বাইরে পড়াশোনার জন্য দুটি করে নথি আপলোড করতে অসুবিধের প্রতি লক্ষ্য রেখে এই ব্যাবস্থা করা হয়েছে বলে সচিব নরনারায়ণ জানান । ফলাফল ঘোষনার দুদিন পর উত্তরপত্র পুনরনিরীক্ষণের জন্য পোর্টেল চালু করা হবে । এসম্পর্কে সচিব শ্রীনাথ বলেন যে পরীক্ষার ফলাফলে অসন্তুষ্ট পরীক্ষার্থীরা উত্তরপত্র পুনরনিরীক্ষণের এই পোর্টেলের মাধ্যমে আবেদন করতে পারবে । সংশ্লিষ্ট পরীক্ষার্থী চাইলে পরীক্ষার্থীর ই-মেইলে উত্তরপত্রের স্ক্যান কপিও প্রদান করা হবে তিনি জানান ।

এদিকে উচ্চতর মাধ্যমিক চূড়ান্ত পরীক্ষার ফলাফল ঘোষনার পর শিক্ষামন্ত্রী ডা:রণোজ পেগু এক সাংবাদিক সম্মেলনে সম্বোধন করে পরীক্ষায় সফল ছাত্র ছাত্রীদের অভিনন্দন জানান । সেইসঙ্গে অসফল পরীক্ষার্থীদের নিরাশ না হয়ে পুনরায় প্রস্তুতি চালানোর আহ্বান জানান । আসাম রাজ্য শিক্ষা পর্ষদ পরীক্ষা অনুষ্ঠিত

করার ৪৪ দিনের মধ্যে সুষ্টুভাবে ফলাফল ঘোষনা করার জন্য শিক্ষামন্ত্রী পর্ষদকেও ধন্যবাদ জানান ।

এদিকে বরাক উপত্যকার তিন জেলায় ঘোষিত ফলাফল অনুযায়ী কাছাড় জেলায় কলা শাখায় মোট ১২ হাজার ১৫১ জন পরীক্ষার্থী পরীক্ষায় অবতীর্ণ হয়েছিলো । এরমধ্যে সাত হাজার ১৬৪ জন উত্তীর্ণ হয়েছে । উত্তীর্ণের হার ৫৮ দশমিক ৯৬ শতাংশ । বিজ্ঞান শাখার পরীক্ষায় অবতীর্ণ পরীক্ষার্থীর সংখ্যা দু হাজার ৭৭ জন । এরমধ্যে ১ হাজার ৬৮১ জন উত্তীর্ণ হয়েছে । উত্তীর্ণের হার ৮০ দশমিক ৯৩ শতাংশ । বাণিজ্য শাখায় মোট পরীক্ষার্থী ১ হাজার ১৭১ জন । এরমধ্যে উত্তীর্ণ হয়েছে ৯৪৯ জন । উত্তীর্ণের হার ৮১ দশমিক শূণ্য চার শতাংশ । শ্রীভুমি জেলায় কলা বিভাগে মোট ৮ হাজার ৭২৫ জন পরীক্ষার্থীর মধ্যে ৬ হাজার ৯৭১ জন উত্তীর্ণ হয়েছে । উত্তীর্ণের হার ৭৯ দশমিক ১৬ শতাংশ । বিজ্ঞান বিভাগে মোট ১ হাজার ৪৫২ জন পরীক্ষার্থীর মধ্যে ১ হাজার ২৪৪ জন উত্তীর্ণ হয়েছে । পাশের হার ৮৫ দশমিক ৬৪ শতাংশ । বাণিজ্য শাখায় মোট ৪৯৩ জন পরীক্ষার্থীর মধ্যে ৩৩৭ জন উত্তীর্ণ হয়েছে । উত্তীর্ণের হার ৬৮ দশমিক ৩৬ শতাংশ । হাইলাকান্দি জেলায় কলা বিভাগে মোট চার হাজার ৫৬১জন পরীক্ষার্থীর মধ্যে তিন হাজার ১৭ জন উত্তীর্ণ হয়েছে । উত্তীর্ণের হার ৬৬ দশমিক ১৫ শতাংশ ।
বিজ্ঞান বিভাগে মোট ১ হাজার ১৪৭ জন পরীক্ষার্থীর মধ্যে ৮৮৬ জন উত্তীর্ণ হয়েছে । উত্তীর্ণের হার ৭৭ দশমিক ২৪ শতাংশ এবং বাণিজ্য শাখায় মোট ২৩২ জন পরীক্ষার্থীর মধ্যে ১৯৮ জন উত্তীর্ণ হয়েছে । উত্তীর্ণের হার ৮৫ দশমিক ৩৪ শতাংশ । এছাড়া বৃত্তিমূলক শাখায় কাছাড় জেলায় মোট ৫৬ জনের মধ্যে ২২ জন উত্তীর্ণ হয়েছে । উত্তীর্ণের হার ৩৯ দশমিক ২৯ শতাংশ । শ্রীভুমি জেলায় মোট ৮ জন পরীক্ষার্থীর মধ্যে ৮ জনই উত্তীর্ণ হয়েছে । উত্তীর্ণের হার ১০০ শতাংশ এবং হাইলাকান্দি জেলায় মোট ৪১ জন পরীক্ষার্থীর মধ্যে ১২ জন উত্তীর্ণ হয়েছে । উত্তীর্ণের হার ২৯ দশমিক ২৭ শতাংশ ।

---

আসাম , নাগাল্যান্ড , মেঘালয় , মিজোরাম , অরুনাচল প্রদেশ এবং সিকিমের যৌথ রাজ্য হজ সমিতি উত্তর-পূর্বাঞ্চলের হজ যাত্রীদের হজ যাত্রায় পাঠানোর প্রস্তুতি শুরু করেছে । হজ সমিতির অধ্যক্ষ নেকিবুর জামান আজ গুয়াহাটীর হাজী মুসাফিরখানায় আয়োজিত একটি সাংবাদিক সম্মেলনে জানান যে আগামী তেসোরা মে থেকে ৮ই মে পর্য্যন্ত অসম তথা উত্তর-পূর্বাঞ্চল থেকে দু হাজার ৭শ ৮২ জন হজ যাত্রী মক্কা এবং

মদিনার উদ্দেশ্যে যাত্রা করবেন । এরমধ্যে ৯২৭ জন পুরুষ এবং ৮৫৫ জন মহিলা হজ যাত্রী রয়েছেন । অধ্যক্ষ শ্রী জামান আরো জানান যে আগামী তেসোরা মে হজ যাত্রার প্রথম দলটি গুয়াহাটী বিমান বন্দর থেকে যাত্রা করবে ।

---------------------------------------------------------------------------------------

শিলচর জেলা ক্রীড়া সংস্থা পরিচালিত নিউ অক্সফোর্ড আন্ত:স্কুল অনুর্ধ-১৬ লীগ কাম নক আউট ক্রিকেটের আজকের খেলায় মহর্ষি বিদ্যামন্দির ১৫৬ রানে বিজয়ী হয়েছে । শিলচর ইন্ডিয়া ক্লাবের মাঠে আয়োজিত প্রতিযোগীতার আজকের খেলায় মহর্ষি বিদ্যামন্দির শিলচর ডন বস্কো স্কুলকে পরাজিত করে ।

---------------------------------------------------------------------------------------